# সমাজকল্যাণ উপজেলা কমিটির এপ্রিল ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ২৩/০৪/২০২৫ খ্রি.
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। পল্লী সমাজসেবা (আরএসএস) ঘূর্ণায়মান তহবিল কার্যক্রম অধিকতর কার্যকর ও উঠান বৈঠকের আয়োজন সম্পর্কিত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, পল্লী সমাজসেবা (আরএসএস) ঘূর্ণায়মান তহবিল চলছে। কনোনাকালীন দুর্যোগের কারনে এপ্রিল ২০২৫ মাসে মাসিক কিস্তি বন্ধ থাকায় কার্যক্রমে কিছুটা শৈথিল্য আসে। যা এখনো পুরোপুরি কাটিয়ে উছা সম্ভব হয়নি। পরবর্তীতে মাঠ কর্মীর অপ্রতুলতা ও নানাবিধ কারনে ঝিমিয়ে পড়া কার্যক্রম ২০২৫ সালে কঠোর মনিটরিংয়ের ফলে সামগ্রিক কার্যক্রমে বেশ গতি এসেছে। আদায় কার্যক্রম ও ভালো। এছাড়া অন্যান্য কার্যক্রম মোটামোটি সন্তোষজনক। গত ২০২৪-২৫ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর অন্তর্ভূক্ত ভাতা প্রদান কর্মসূচীর আওতায় নিয়মিত ও বর্ধিত বরাদ্দের বিভাজন অনুযায়ী ইউনিয়নওয়ারী ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তবে প্রতারক চক্র কর্তৃক হ্যাকিং ও অটোক্যাশ আউট সমস্যার কারনে বেশ কিছু অভিযোগ পাওয়া যায়। অভিযোগকারী উপকারভোগীদের লিখিতভাবে অভিযোগের পাশাপাশি থানায় জিডি করার পরামর্শ দেয়া হচ্ছে। এমআইএস/নগদ হিসাব নম্বর পরিবর্তন করার পরামর্শ দেয়া হচ্ছে।

সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় আরও জানান যে, আর্থ সামাজিক উন্নয়নে দরিদ্র 'ক' ও 'খ' শ্রেণির লোকদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম আরো সুষ্ঠুভাবে পরিচালনার কার্যক্রম নেয়া হয়েছে। ঋণ আদায় বৃদ্ধিকরণের লক্ষ্যে জোড়ালোভাবে তাগিদ দেয়া হচ্ছে।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৪/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
সমাজকল্যাণ উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ৪১.০১.২৭৬০.০০০.১৬.০১৭.২৫- ১৫৭ তারিখ : ২৩/০৪/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম..........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

26/04/25

(মোঃ তমিজুল ইসলাম)
সদস্য সচিব
সমাজকল্যাণ উপজেলা কমিটি
ও
উপজেলা সমাজসেবা অফিসার
খানসামা, দিনাজপুর।

পরিশিষ্ট "ক"

তারিখ-২৩/০৪/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | মোঃ রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব অঞ্জলী রানী সরকার, সমাজকর্মী, নিজেরা করি- | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব আকতারুল ইসলাম, বেসরকারি সংস্থার প্রতিনিধি, সিটিএস | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ তমিজুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। | সদস্য-সচিব | 23/04/25 |